দৈনিক জনকণ্ঠ
দৈনিক জনকণ্ঠ

19

তারিখ ... 30 NOV 1998 ...
পৃষ্ঠা ৭ কলাম ৭ ...

## দ্বিতীয় দফায় পাস ছাত্রদের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ডিভিশন দেয়ার দাবি

বাংলাদেশ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ এসএসসি ও এইচএসসি পরীক্ষায় দ্বিতীয় দফায় এক বিষয়ে পরীক্ষা দিয়ে পাস করা ছাত্রছাত্রীদের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ডিভিশন দেয়ার দাবি জানিয়েছেন। তাঁরা বলেন, এসব ছাত্রছাত্রীকে ডিভিশন পাওয়া থেকে বঞ্চিত করা ন্যায় বিচারের পরিপন্থী। তাঁরা এক বিষয়ে ফেল করা ছাত্রছাত্রীদের দ্বিতীয় দফায় ঐ বিষয়ে পরীক্ষা দিয়ে পাসের সুযোগ দেয়ার সিদ্ধান্তকে অভিনন্দন জানান।

শনিবার বিবৃতিতে তাঁরা এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে বোর্ড ফি ছাড়া অন্য কোন ধরনের ফি গ্রহণ নিষিদ্ধ করার সরকারী সিদ্ধান্তের ব্যাপারে রাষ্ট্রপতির দৃষ্টি আকর্ষণ করেন। তাঁরা বলেন, অন্যায় অর্থ আদায়ের বিরুদ্ধে যে কোন শাস্তিমূলক ব্যবস্থাকে স্বাগত জানানো হবে। তবে তিন মাসের বেতন ও সেশন ফি আদায়কে তাঁরা যুক্তিসঙ্গত বলে দাবি করেন।

খবর বিজ্ঞপ্তির।